কাপ্তান তামসনের বালকেরদের জন্যে ট্রুষ্ট	১৯৬০॥৶	ঐ	৩৯৶৪	ঐ	ঐ
বিবি এ ওয়াটসন	৮৩১৸/৯	ঐ	১৬॥৶৩	দেওয়া যায় নাই	প্রমাণ হয় নাই
তামস ওয়াইট নাবিক	১৯৩৮৸৶৭	ঐ	৩৮৸৫	১।২।৩। ৪ ডিবিডেণ্ড দেওয়া গেল	প্রমাণ হইল
বিবি এম এন উলিয়ম্‌স ...	৩৪৭৫৶২	ঐ	৬৯॥০	ঐ	ঐ
আন্ড্রু উইলসন	২৮৭৩॥৶১১	ঐ	৫৭।৶৭	ঐ	ঐ

উপরের উক্ত ইশ্‌তিহারের উপলক্ষে সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত ডিবিডেণ্ডপাওনিয়া ব্যক্তিরা যদি আদালতের নিযুক্ত আসৈনি সাহেবের নিকটে উপস্থিত হইয়া আপন২ দাওয়া সাব্যস্ত করেন্ তবে ঐ টাকা আদালতহইতে বাহির করিতে পূর্ব্বে যে খরচা লাগিত তাহাহইতে কম খরচায় ঐ ডিবিডেণ্ড আদালতহইতে বাহির করিবার বিষয়ে ঐ আসৈনি সাহেব তাঁহারদের সাহায্য করিতে পারিবেন।

আর ওডোডা।
কলবিন কোম্পানির আসৈনি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 8, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ৮ জুন।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 13TH MARCH, 1847.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 13th of March, 1847.

ACT No. —— OF 1847.

An Act for facilitating the execution of the Process of the Supreme Court of Judicature at Fort William in Bengal, and the taking of affidavits without the local limits of the jurisdiction of the said Court.

I. Whereas by the Charter of the Supreme Court of Judicature at Fort William in Bengal, the process of the Court, except in certain cases, is required to be addressed to and executed by the Sheriff of Calcutta, which in the case of parties resident without the local limits of the jurisdiction of the Court is often attended with unnecessary expense and other inconvenience. And whereas it is desirable to make provision for the execution of the process of the said Supreme Court without the local limits of its jurisdiction, similar to those made for the execution of the process of the Courts of the Hon'ble the East India Company within the local limits of the jurisdiction of the said Supreme Court —It is enacted, that from and after the passing of this Act it shall be lawful for the said Supreme Court, notwithstanding the terms of the said Charter when any process of the said Court is to be executed against any person subject to the jurisdiction thereof, and not resident within the local limits thereof, or against any property without such limits to issue any process which the said Court is as may be empowered to issue, and to address the same to such person as it shall think fit, and to

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৩ মার্চ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৭ সালের ১৩ মার্চ তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল——আক্ট।

বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের হুকুম জারীর সুগম করণের এবং উক্ত কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে সুকৃতিপত্র লওনের সুগম করণের আইন।

১ ধারা। যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের চার্টরে নির্দ্দিষ্ট আছে যে কোন২ গতিক বর্জিয়া ঐ কোর্টের হুকুম কলিকাতাস্থ সরিফ সাহেবের প্রতি লেখা যায় এবং তাঁহার দ্বারা জারী হয় এবং যে গতিকে মোকদ্দমাসম্পর্কীয় ব্যক্তিরা ঐ কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে বাস করে সেই গতিকে ইহাতে বারম্বার অনাবশ্যক খরচ ও অন্যান্য ক্লেশ হয়। এবং যেহেতুক উক্ত সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে কোম্পানি বাহাদুরের আদালতের হুকুম জারী করণার্থ যে২ প্রকার নিয়ম আছে উক্ত সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে উক্ত কোর্টের হুকুম জারী করণার্থ সেই২ প্রকার নিয়ম করা আবশ্যক বোধ হইয়াছে অতএব ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনঅবধি ও তাহার পর উক্ত কোর্টের উক্ত চার্টরের কথা ইহার বিরুদ্ধ হইলেও উক্ত কোর্টের এই ক্ষমতা হইবেক যে উক্ত কোর্টের এলাকার অধীন কিন্তু তাহার এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরনিবাসি কোন ব্যক্তির বিরুদ্ধে অথবা ঐ সীমাসরহদ্দের বাহিরে স্থিত কোন সম্পত্তির বিরুদ্ধে ঐ কোর্টের কোন হুকুম জারী করিতে হইলে ঐ কোর্ট যে কোন হুকুম বাহির করিতে ক্ষমতাপন্ন সেই হুকুম যে ব্যক্তিকে উচিত বোধ হয় সেই ব্যক্তিরপ্রতি লেখেন এবং এই আইনের পশ্চাৎ লিখিতমতে তাহা জারী করণের হুকুম দেন এবং সেই হুকুম

direct the execution thereof in the manner hereinafter provided, and that the same shall be executed accordingly, and that upon the same being executed and returned in the manner provided for by this Act it shall be lawful for the said Court to proceed thereupon in like manner as if the same had been executed according to the practice of the Court before the passing of this Act.

II. And it is enacted, that it shall be lawful for the said Supreme Court or for any Judge thereof by a letter of request addressed to any Court, Judge, Magistrate, or Justice of the Peace, without the local limits of the said Supreme Court, enclosing or accompanied by two duplicate originals of any such process as aforesaid, to request that such process may be executed within the limits of the jurisdiction of such Court, Judge, Magistrate, or Justice of the Peace, pursuant to the directions therein contained, and that such letter and each of such duplicates shall be signed by one of the Judges of the said Supreme Court and sealed with the seal of the said Court, and the production thereof purporting to be so signed and sealed as aforesaid shall be sufficient evidence of the issuing of such process, and that the requisition thereof shall and may be performed by any person or persons for the time being, constituting such Court, or discharging the duties of such Judge, Magistrate, or Justice of the Peace.

III. And it is further enacted, that upon the production of such letter of request, together with such duplicates as aforesaid, any Judge of such Court, or such Judge, Magistrate, or Justice of the Peace shall, by endorsement upon one of such duplicates respectively under his hand, direct the said process to be executed pursuant to such directions as aforesaid by such person or persons as such Court, Judge, Magistrate, or Justice of the Peace shall appoint to execute the same, and shall deliver one of such duplicate to such person or persons so appointed to execute the same, and that the same shall be executed accordingly; and if the same shall require to be executed beyond the limits of the jurisdiction of the Court, Judge, Magistrate, or Justice of the Peace, to which or to whom such letter of request may be addressed, then such duplicate may be executed by any other Court, Judge, Magistrate, or Justice of the Peace, having jurisdiction over the subject matter of such process in like manner as the original process of the Court, Judge, Magistrate, or Justice of the Peace to which or to whom such letter of request may be addressed may be executed beyond the limits of the jurisdiction of such Court, Judge, Magistrate, or Justice of the Peace. Provided always, that when such process shall be executed by any Court, Judge, Magistrate, or Justice of the Peace to which or to whom the letter of request aforesaid was not addressed, a Judge of such Court, or such Judge, Magistrate, or Justice of the Peace so executing the same shall certify in writing under his hand the execution of such process, and shall for ward such

তদনুসারে জারী হইবেক। এবং এই আইনের নির্দ্দিষ্টমতে ঐ হুকুম জারী হইয়া ফিরিয়া আইলে এই আইন জারী হওনের পূর্ব্বে ঐ কোর্টের রীত্যনুসারে তাহা জারী হইলে তাহার বিষয়ে ঐ কোর্ট যেরূপ কার্য্য করিতেন সেইরূপ কার্য্য করিতে পারেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব উক্ত সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোন আদালত অথবা জজ কি মাজিষ্ট্রেট কিম্বা জুষ্টিস অফ দি পীসের প্রতি আদেশপত্র পাঠাইতে পারেন এবং তাহার মধ্যে অথবা তাহার সঙ্গে পূর্ব্বোক্ত কোন হুকুমের দুই আসল প্রতিলিপি থাকিবেক এবং ঐ আদেশপত্রের মধ্যে এই হুকুম থাকিবেক যে তাহার নির্দ্দিষ্ট নিয়মানুসারে ঐ আদালত অথবা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের এলাকার সরহদ্দের মধ্যে তাহা জারী হয়। এবং ঐ আদেশপত্র এবং ঐ প্রতিলিপির প্রত্যেকেতে উক্ত সুপ্রিম কোর্টের কোন এক জন জজ সাহেব দস্তখৎ করিবেন এবং তাহাতে উক্ত কোর্টের মোহর থাকিবেক। এবং পূর্ব্বোক্তমতে তাহাতে দস্তখৎ ও মোহর হইয়াছে বলিয়া তাহা দর্শান গেলে তাহাতে ঐ হুকুমনামা বাহির হওনের প্রচুর প্রমাণ হইবেক এবং সময়ক্রমে যে ব্যক্তি বা ব্যক্তিরা ঐ আদালতে কর্ত্তৃত্ব করেন কিম্বা যে ব্যক্তি বা ব্যক্তিরা ঐ জজ অথবা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের কার্য্য নির্ব্বাহ করিতেছেন তাঁহারদের দ্বারা ঐ হুকুম জারী হইবেক এবং হইতে পারে ইতি।

৩ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত আদেশপত্র এবং উক্ত প্রতিলিপি দেখান গেলে ঐ আদালতের কোন জজ অথবা সেই প্রকার জজ কি মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস ঐ প্রতিলিপির একখানার পৃষ্ঠে স্বহস্তে দস্তখৎ করিয়া যে ব্যক্তি বা ব্যক্তিরদিগকে ঐ আদালত কি জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস ঐ হুকুম জারী করণার্থ নিযুক্ত করেন সেই ব্যক্তি বা ব্যক্তিরদিগকে সেই হুকুমের নির্দ্দিষ্টমতে সেই হুকুম জারী করিতে আজ্ঞা দিবেন এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহা জারী করণার্থ সেইমতে নিযুক্ত হয় তাহাকে অথবা তাহারদিগকে ঐ প্রতিলিপির একখান দিবেন এবং ঐ হুকুম তদনুসারে জারী হইবেক। এবং যে আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের প্রতি ঐ আদেশপত্র লেখা যায় সেই আদালত বা জজপ্রভৃতির এলাকার সীমাসরহদ্দের বাহিরে যদি ঐ হুকুম জারী করিতে হয় তবে যে আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের প্রতি ঐ আদেশপত্র লেখা যায় সেই আদালত বা জজপ্রভৃতির নিজ হুকুম যেরূপে ঐ আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের এলাকার সীমাসরহদ্দের বাহিরে জারী হইতে পারে সেইরূপে ঐ প্রতিলিপির হুকুম অন্য যে কোন আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের সেই হুকুমের বিষয়ের উপর কর্ত্তৃত্ব থাকে তাঁহার দ্বারা জারী হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে যে আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের প্রতি ঐ আদেশপত্র পূর্ব্বোক্তমতে লেখা গিয়া থাকে সেই আদালতপ্রভৃতিছাড়া অন্য আদালতের বা জজপ্রভৃতির দ্বারা ঐ হুকুম জারী হইলে যে আদালতের জজ অথবা যে জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের দ্বারা তাহা জারী হয় তিনি ঐ হুকুম জারী হওনের ক্রিয়া আপন দস্তখৎক্রমে লিখনের দ্বারা জানাইবেন এবং যে আদালত বা জজ কি মাজিষ্ট্রেট কিম্বা জুষ্টিস অফ

certificate to the said Court, Judge, Magistrate or Justice of the Peace to which or to whom such letter of request was addressed, of which said certificate purporting to be signed as aforesaid the production alone shall be sufficient evidence.

IV. And it is further enacted, that when such process shall have been executed in manner aforesaid, any Judge of such Court as such Judge, Magistrate, or Justice of the Peace as aforesaid to which or to whom such letter of request as aforesaid was addressed shall by endorsement upon the other of such duplicates under his hand certify the execution thereof, and shall deliver such duplicate so endorsed to the party or parties by whom the same was originally produced, or his or their agents, and the production of such duplicate so endorsed and appearing to be so signed as aforesaid shall be sufficient evidence of the execution of such process.

V. And it is enacted, that upon the delivery of such duplicates of any civil process as aforesaid, to such Court, Judge or Magistrate as aforesaid, the said Court, Judge, or Magistrate shall cause the date of such delivery to be endorsed on such duplicates, and shall cause the said process to be executed in like manner or as near thereto as if the same had been issued from or by such Court, Judge or Magistrate as aforesaid at the time of the said delivery; and no distinction shall be made as to priority or otherwise between the execution of such process as aforesaid, or any other process of or by the said Court, Judge or Magistrate. But every process, whether original or otherwise, shall as between each other, be subject to the same rules touching the mode and order of execution as are now or may be from time to time established in respect of process originally issued by such Court, Judge or Magistrate.

VI. And it is further enacted, that where any process of the said Supreme Court for the appointment of a Receiver of any lands out of such local limits, or any other process of the said Supreme Court against such lands shall be issued for the purpose of being enforced or executed by any other Court, Judge or Magistrate, under the provisions of this Act, a copy of the judgment, decree or order of the said Supreme Court, by virtue of which such process issued, signed by one of the Judges, and under the seal of the Court, shall, if the said local Judge or Magistrate shall so require, be registered in the Court to which such process is forwarded to be executed, and that a copy of such judgment, order or decree shall be forwarded, sealed with the seal of the said Supreme Court for the purpose of such registry.

VII. And it is further enacted, that persons wilfully neglecting to execute such process, or obstructing the execution thereof, shall be liable to be punished in like manner and by the like Courts, Judges, Magistrates, or Justices of the Peace, as if such process had been issued originally by such Court, Judge, Magistrate or Justice of the

দি পীসের প্রতি ঐ আদেশপত্র লেখা গিয়াছিল তাঁহার নিকটে ঐ সর্টিফিকট পাঠাইবেন। এবং পূর্ব্বোক্তমতে দস্তখৎহওয়া ঐ সর্টিফিকট দেখান গেলে তাহাই ঐ সর্টিফিকটের প্রচুর প্রমাণ হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে এইরূপ হুকুম পূর্ব্বোক্তমতে জারী হইলে ঐ আদালতের যে কোন জজ কি মাজিষ্ট্রেট সাহেব অথবা জুষ্টিস অফ দি পীসের প্রতি পূর্ব্বোক্তমতে সেই আদেশপত্র পাঠান গিয়াছিল তিনি আপন পদোপলক্ষে ঐ ডুপ্লিকেটের অন্য পৃষ্ঠে দস্তখৎ করিয়া তদ্দ্বারা জানাইবেন যে ঐ হুকুম জারী হইয়াছে এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহা প্রথমতঃ দর্শাইল সেই ব্যক্তি বা ব্যক্তিরদিগকে বা তাহার মোখ্তার কি মোখ্তারদিগকে ঐরূপ পৃষ্ঠে দস্তখৎহওয়া ডুপ্লিকেট দিবেন এবং সেইরূপে পৃষ্ঠে দস্তখৎহওয়া ডুপ্লিকেট দেখান গেলে এবং পূর্ব্বোক্তমতে দস্তখৎ হইয়াছে দৃষ্ট হইলে তাহা ঐ হুকুম জারী হওনের প্রচুর প্রমাণ হইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত কোন দেওয়ানী হুকুমের সেই প্রকার ডুপ্লিকেট পূর্ব্বোক্ত প্রকারে কোন আদালত কি জজ কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দাখিল হইলে ঐ আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট সাহেব ঐ ডুপ্লিকেট দাখিলহওনের তারিখ তাহার পৃষ্ঠে লেখাইবেন এবং সেই দাখিল হওনের সময়ে ঐ হুকুম সেই আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা বাহির হইলে যেরূপে জারী করিতেন সেইরূপে অথবা যথাসাধ্য সেইরূপে তাহা জারী করাইবেন। এবং পূর্ব্বোক্ত হুকুম জারী করণেতে অথবা ঐ আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট সাহেবের অন্য কোন হুকুম জারী করণেতে বা তাঁহার দ্বারা জারী করণেতে সময়ের বা প্রকারান্তরের কোন প্রভেদ হইবেক না। কিন্তু ঐ আদালত কি জজ কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের নিজের বাহির করা হুকুম জারী করণের প্রকার ও ক্রমের বিষয়ে যেং বিধি এক্ষণে নির্দ্দিষ্ট আছে বা উত্তর কালে সময়ক্রমে নির্দ্দিষ্ট হয় সেইং বিধির অনুসারে প্রত্যেক হুকুম আসল হুকুম হউক বা না হউক পরস্পর জারী হইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার বাহিরে স্থিত ভূমির কোন রিসিবর নিযুক্ত করণের বিষয়ে উক্ত সুপ্রিম কোর্টের কোন হুকুম অথবা ঐ ভূমির প্রতিকূলে ঐ সুপ্রিম কোর্টের অন্য কোন হুকুম যখন অন্য কোন আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা এই আইনের বিধানক্রমে প্রবল অথবা জারী হওনার্থ বাহির হয় তখন উক্ত সুপ্রিম কোর্টের যে ফয়সলা কি ডিক্রী অথবা হুকুমনামার শক্তিক্রমে ঐ হুকুম বাহির হয় তাহার এক নকল ঐ কোর্টের এক জন জজ সাহেবের দ্বারা দস্তখৎ হইয়া এবং ঐ কোর্টের মোহরযুক্ত হইয়া যে আদালতে ঐ হুকুম জারী হওনার্থ প্রেরিত হয় সেই আদালতে ঐ স্থানের জজ কি মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে রেজিষ্টরী হইবেক এবং ঐ ফয়সলা বা হুকুমনামা কি ডিক্রীর এক নকল উক্ত সুপ্রিম কোর্টের মোহরযুক্ত হইয়া রেজিষ্টরী হওনার্থ পাঠান যাইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে যে কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ঐ হুকুম জারী করিতে ত্রুটি করে অথবা জারী করণের প্রতিবন্ধকতা করে সেই হুকুম প্রথমতঃ ঐ আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের দ্বারা বাহির হইলে যেরূপ হইত সেইরূপে ও সেই প্রকারে আদালত কি জজ অথবা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের দ্বারা সেইং ব্যক্তি দণ্ডের

Peace, provided that nothing herein contained shall deprive the said Supreme Court of its power to punish such persons for a contempt, in case they shall not be otherwise punished.

VIII. And it is enacted, that no action or other proceeding shall be had or maintained against any person or persons constituting such Court, or any such Judge, or Magistrate or Justice of the Peace, or any person or persons acting under his or their orders, for or in respect of any act, matter or thing bona fide done or omitted to be done in the execution or service of any such process though the authority given be not strictly pursued, and that it shall be lawful for the said Supreme Court upon application thereto to stay any such action or proceeding commenced in the said Court, and to order the party commencing or prosecuting the same to pay the costs thereof as between Solicitor and Clients.

IX. And it is enacted, that every Judge, Magistrate, or Assistant Judge or Magistrate of the Hon'ble the East India Company within the Presidency of Bengal and its dependencies, and every Justice of the Peace under any Commission of the Peace issued in the name of Her Majesty the Queen within the said Presidency and its dependencies, shall be by virtue of his office a Commissioner of the said Supreme Court for the purpose of taking affidavits or affirmations, and shall as such Commissioner be empowered to take any affidavit or affirmation of any person or persons to be used in any proceedings pending or intended to be instituted in the said Supreme Court, or the Insolvent Court, and to swear such party or parties, or to take his or their affirmation to the truth of such affidavit or affirmation respectively, and shall certify in writing upon such affidavit or affirmation that such affidavit or affirmation was made or taken before him, and shall sign such certificate and any exhibits annexed to such affidavit or affirmation and the production of such affidavit or affirmation, and such certificate appearing to be so signed as aforesaid shall be sufficient proof of such affidavit or affirmation.

X. And it is enacted, that any person wilfully so swearing or affirming falsely shall be guilty of a misdemeanor, and upon conviction thereof shall be liable to be transported for a period not exceeding fourteen years, or imprisoned for any period not exceeding three years with or without hard labor, and any person forging or uttering any instrument purporting to be an affidavit or affirmation so made or affirmed as aforesaid shall be guilty of felony, and upon conviction thereof shall be liable to be transported for any period not exceeding fourteen years, or imprisoned for any period not exceeding three years with or without hard labor.

XI. And it is enacted, that any copy of any judgment, decree or order of the said Supreme

যোগ্য হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ ব্যক্তিরদের যদি অন্য প্রকার দণ্ড না হয় তবে তাহারদিগকে অবজ্ঞার অপরাধে দণ্ড দিতে উক্ত সুপ্রিম কোর্টের যে ক্ষমতা আছে এই আইনের লিখিত কোন কথার দ্বারা সেই ক্ষমতার কিছু হানি হইবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দস্ত ক্ষমতানুসারে অবিকল কার্য্য না হইলেও ঐ হুকুম জারী করণেতে প্রকৃতপ্রস্তাবে যে কোন কর্ম্ম বা বিষয় করা যায় বা না করা যায় তাহার নিমিত্তে ঐ আদালতের কোন অধ্যক্ষ বা অধ্যক্ষেরা অথবা সেই প্রকার কোন জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস অথবা তাঁহার বা তাঁহারদের হুকুমক্রমে যে ব্যক্তিরা কর্ম্ম করে তাহারদের বিরুদ্ধে কোন নালিশ বা কর্ম্ম হইতে পারিবেক না। এবং দরখাস্ত হইলে ঐ সুপ্রিম কোর্টে আরম্ভহওয়া সেইরূপ কোন নালিশ বা বিষয় ঐ কোর্ট স্থগিত করিতে পারেন এবং উকীল ও মওক্কেলের মধ্যে খরচার স্বরূপ তাহার খরচা ঐ নালিশ আরম্ভকারক বা নির্ব্বাহকারক ব্যক্তির দিতে হুকুম করিতে পারেন ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা রাজধানীর অধীন সকল দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের প্রত্যেক জন জজ কি মাজিষ্ট্রেট কি আসিষ্টাণ্ট জজ কি মাজিষ্ট্রেট এবং ঐ রাজধানীর অধীন সকল দেশের মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর নামে বাহিরহওয়া "কমিসান অফ দি পীস"ক্রমে যেং ব্যক্তি জুষ্টিস অফ দি পীসের কর্ম্মে নিযুক্ত হন তাঁহারা স্বং পদের উপলক্ষে সুকৃতিপত্র বা প্রতিজ্ঞাপত্র লইবার জন্যে উক্ত সুপ্রিম কোর্টের কমিস্যনর হইবেন এবং উক্ত সুপ্রিম কোর্টে অথবা যোত্রহীনের আদালতে যে কার্য্য উপস্থিত হইয়াছে অথবা উপস্থিত হইবার কল্প আছে তাহাতে ব্যবহার হইবার জন্যে কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সেইপ্রকার সুকৃতিপত্র বা প্রতিজ্ঞাপত্র লইতে পারেন এবং সেই ব্যক্তি বা ব্যক্তিরদিগকে শপথ করাইতে পারেন অথবা তাহারদের সুকৃতিপত্র বা প্রতিজ্ঞাপত্রের সত্যতার বিষয়ে তাহারদের প্রতিজ্ঞা লইতে পারেন। এবং ঐ জজ কিম্বা মাজিষ্ট্রেটপ্রভৃতি সেই সুকৃতিপত্রে বা প্রতিজ্ঞাপত্রে লিখিবেন যে এই সুকৃতি বা প্রতিজ্ঞা আমার সম্মুখে হইয়াছিল এবং তিনি ঐ সর্টিফিকট এবং ঐ সুকৃতি অথবা প্রতিজ্ঞাপত্রের সঙ্গে সংযোগ করা কোন দলীল দস্তাবেজে দস্তখৎ করিবেন। এবং ঐ সুকৃতিপত্র অথবা প্রতিজ্ঞাপত্র এবং পূর্ব্বোক্তমত দস্তখৎহওয়া ঐ সর্টিফিকট দেখান গেলে তাহা ঐ সুকৃতিপত্র অথবা প্রতিজ্ঞাপত্রের প্রচুর প্রমাণ হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি কোন ব্যক্তি জানিয়া শুনিয়া মিথ্যা সুকৃতি বা প্রতিজ্ঞা করে তবে সেই ব্যক্তি "মিসডিমিনর"করিয়াছে জ্ঞান হইবেক এবং তাহার দোষ সাব্যস্ত হইলে সেই ব্যক্তি চৌদ্দ বৎসরের অনধিক কাল মিয়াদে দ্বীপান্তর প্রেরণের যোগ্য হইবেক অথবা কঠিন পরিশ্রমবিশিষ্ট বা কঠিন পরিশ্রম বিনা তিন বৎসরের অনধিক কাল মিয়াদে কয়েদের যোগ্য হইবেক। এবং যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে শপথকরা বা প্রতিজ্ঞা করা সুকৃতিপত্র বা প্রতিজ্ঞাপত্র বলিয়া কোন দলীল জাল করে বা ব্যবহার করে তবে সেই ব্যক্তি "ফেলোনির" অপরাধের দোষী হইবেক এবং তাহার অপরাধ সাব্যস্ত হইলে সেই ব্যক্তি চৌদ্দ বৎসরের অনধিক কাল মিয়াদে দ্বীপান্তর প্রেরণের যোগ্য হইবেক অথবা কঠিন পরিশ্রমবিশিষ্ট বা কঠিন পরিশ্রম বিনা তিন বৎসরের অনধিক কাল মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সুপ্রিম কোর্টের যে কোন ফয়সলা কি ডিক্রী অথবা হুকুমনামার

Court which is by this Act required to be registered, and any process of the said Court to be executed by any other Court, or by any Judge, Magistrate, or Justice of the Peace, under the provisions of this Act, and any proceeding by any such Court, Judge, Magistrate, or Justice of the Peace thereupon may be transmitted by such Supreme Court, to such other Court, Judge, Magistrate, or Justice of the Peace, or by such other Court, Judge, Magistrate, or Justice of the Peace to the said Supreme Court by dawk or by any private hand.

XII. And it is enacted, that the word process in this Act shall extend to and include all Criminal and Civil process of the said Supreme Court which require to be executed without the local limits of the jurisdiction of the said Court, and any order for the appointment of a Receiver of any lands whether the same be a distinct order or be contained in any decree or decretal order of the said Court, and any notice of any proceedings instituted or to be instituted in the said Court, or of any step to be taken or application made in or in respect of such proceedings; and the word lands shall extend to and include any immoveable property, and any word denoting the singular number or masculine gender shall extend to and include more persons, matters or things than one and females as well as males.

XIII. And it is enacted, that the said Court, shall from time to time frame such forms of letters of request, and of any process of the said Court, which is to be addressed and executed under the provisions of this Act, as may be necessary to give full effect to the provisions hereinbefore contained.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 13th day of November next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

নকল রেজিষ্টরী করিতে এই আইনে হুকুম আছে অথবা এই আইনের বিধানক্রমে উক্ত কোর্টের যে কোন হুকুম অন্য কোন আদালত কি জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের দ্বারা জারী করিতে হয় তাহা এবং তৎপ্রযুক্ত এপ্রকার আদালত বা জজ কি মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীস যে কোন হুকুম দেন তাহা সুপ্রিম কোর্ট ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের নিকটে পাঠাইতে পারেন অথবা ঐ আদালত কি জজ বা মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সুপ্রিম কোর্টের নিকটে ডাকের দ্বারা বা কোন লোকের দ্বারা তাহা পাঠাইতে পারেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের মধ্যে "হুকুম" এই কথাতে ঐ সুপ্রিম কোর্টের যে সকল ফৌজদারী ও দেওয়ানী হুকুম ঐ কোর্টের বিশেষ সীমা-সরহদ্দের বাহিরে জারী করণের আবশ্যক হয় এবং কোন ভূমির রিসিবর নিযুক্ত করণের হুকুম হয় তাহা স্বতন্ত্র হুকুম হইলে অথবা কোর্টের কোন ডিক্রী বা ডিক্রীস্বরূপ কোন হুকুমের মধ্যে থাকিলে এবং ঐ কোর্টে যে কোন কার্য্য উপস্থিত হইয়াছে বা হইবেক অথবা সেই কার্য্যের বিষয়ে অথবা বাবতে যে কোন উদ্যোগ করা যায় বা দরখাস্ত হয় তাহার এত্তেলা বুঝাইবেক এবং "ভূমি" এই কথাতে কোন প্রকার স্থাবর সম্পত্তি বুঝাইবেক এবং এক বচনের যে কথা অথবা পুংলিঙ্গেতে যে কথা বুঝায় তাহা একের অধিক ব্যক্তি বা বিষয় কি দ্রব্য এবং যেমন পুরুষ তেমন স্ত্রীকেও বুঝাইবেক ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত বিধান সম্পূর্ণরূপে সফল করণার্থ এই আইনের বিধান-ক্রমে যে আদেশপত্র এবং উক্ত কোর্টের যে হুকুম পাঠা-ইতে হইবেক এবং জারী করিতে হইবেক তাহার পাঠ উক্ত সুপ্রিম কোর্ট সময়ক্রমে নির্দ্দিষ্ট করিতে পারেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধা-রণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৩ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 15.

To the Civil Judges in the Lower Provinces.

1. The Court hereby notify that examinations of candidates for the office of Moonsiff in the Eastern Districts of Bengal, will be held at Dacca, Chittagong, and the Presidency on the 1st October next.

2. Persons who have been appointed to the office of Moonsiff on condition of obtaining diplomas of qualification, are directed to present themselves before the committee of examination of any of the places above mentioned.

W. Kirkpatrick, *Deputy Register.*
Fort William, the 28th May, 1847.

[*Government Gazette*, 8th *June*, 1847]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১। সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে বাঙ্গলা দেশের পূর্ব্বদিক্স্থ জিলাতে মুনসেফী পদা-কাঙ্ক্ষি ব্যক্তিরদের ইমতিহান আগামি অক্টোবর মা-সের ১ তারিখে ঢাকাতে ও চট্টগ্রামে ও কলিকাতাস্থ রাজধানীতে হইবেক।

২। যেং ব্যক্তি যোগ্যতার পত্র পাইবার অপেক্ষার মুনসেফী পদে নিযুক্ত হইয়াছেন তাঁহারদিগকে উপরের লিখিত কোন স্থানে ইমতিহান দিবার জন্যে কমিটির সমক্ষে হাজির হইতে হুকুম দেওয়া যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৮ মে।
John C. Marshman, *Bengalee Translator.*

MEDICAL COLLEGE.

13TH YEAR—SESSION 1847-48.
SUMMER TERM.

The first division of the Session will commence on Tuesday, the 15th of June 1847, and continue until the 15th November, when Lectures will be delivered on the following subjects:

Subject	Time
ANATOMY AND PHYSIOLOGY, By *J. T. Pearson, Esq.* ...	On Mondays, Tuesdays, Thursdays and Saturdays, at 11 A. M.
ANATOMICAL DEMONSTRATIONS, ... By *A. Webb, Esq.,*	On Mondays, Wednesdays and Fridays, from 12 to 1 P. M.
BOTANY, ... By *J. McClelland, Esq.* ...	On Tuesdays and Thursdays, at 10 A. M. Weekly visits to the Gardens on Saturdays.
CHEMISTRY, ... By *A. Robertson, Esq.,* ...	Daily, from 3 to 4 P. M.
PRINCIPLES AND PRACTICE OF MEDICINE, ... By *J. Jackson, Esq., M. B.,*	On Tuesdays, Thursdays and Saturdays, from 2 to 3 P. M.
PRINCIPLES OF SURGERY, ... By *R. O'Shaughnessy, Esq.,*	On Mondays and Wednesdays, from 2 to 3 P. M.
CLINICAL SURGERY ... By *R. O'Shaughnessy, Esq.*	On Fridays, from 1 to 2 P. M.
MATERIA MEDICA AND THERAPEUTICS, ... By *Dr. Mouat,*	Daily, from 10 to 11 A. M.
MIDWIFERY, ... By *Dr. Stewart,*	On Tuesdays, Wednesdays, Fridays and Saturdays, at 3 P. M.

HOSPITAL ATTENDANCE.

Hospital	Time
MALE HOSPITAL, ... *Medical Visit,*	From 6 to 7 A. M. daily, and on Tuesdays, Thursdays and Saturdays, from 1 to 2 P. M.
Surgical Visit, ...	At 1 P. M. daily.
FEMALE AND LYING-IN HOSPITAL, ...	Wednesdays and Fridays, from 1 to 2 P. M.

OUT-DOOR DISPENSARY, from 7 to 10 A. M. daily, and from 5 to 6 P. M.

A general introductory lecture will be delivered on the 15th June, by Professor STEWART, M. D., to open the Session.

(By Order,)
FRED. J. MOUAT, *M. D.,*
Secretary.

Medical College, the 20th April, 1847.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৮ জুন।]

মেডিকাল কালেজ।

ত্রয়োদশ বৎসর। সেশন্ ১৮৪৭—৪৮।
গ্রীষ্মকালীন বৈঠক।

বৈঠকের প্রথমাংশ ১৮৪৭ সালের ১৫ জুন তারিখ মঙ্গলবারে আরম্ভ হইয়া নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত চলিবেক। সেই সময়ে এই২ বিষয়ের শিক্ষা দেওয়া যাইবেক।

বিষয়	সময়
ব্যবচ্ছেদ বিদ্যার ও দ্রব্যের তত্ত্বজ্ঞানের শিক্ষা শ্রীযুত জে টি পিয়র্সন সাহেব দিবেন	সোমবার মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ১১ ঘণ্টার সময়ে।
ব্যবচ্ছেদ বিদ্যার প্রমাণ শ্রীযুত এ উএব সাহেব দিবেন	সোমবার বুধবার এবং শুক্রবার বেলা ১২ ঘণ্টাঅবধি ১ ঘণ্টাপর্য্যন্ত।
উদ্ভিদ্‌বিদ্যা। শ্রীযুত জে মাক্লেলাণ্ড সাহেব	মঙ্গলবার ও বৃহস্পতিবার বেলা ১০ ঘণ্টা। শনিবারে কোম্পানির বাগানে ভ্রমণ হইবেক।
কিমিয়া বিদ্যা। শ্রীযুত এ রাবর্টসন সাহেব	প্রতিদিন ৩ ঘণ্টাঅবধি ৪ ঘণ্টাপর্য্যন্ত।
ঔষধের মূল নিয়ম ও ব্যবহারের শিক্ষা। শ্রীযুত ডাক্তর জে জাকসন সাহেব	মঙ্গলবার বৃহস্পতিবার ও শনিবার বেলা ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টা পর্য্যন্ত।
অস্ত্রচিকিৎসা বিদ্যার মূলনিয়ম। শ্রীযুত আর ওশাগনেসি সাহেব	সোমবার ও বুধবার বেলা ২ ঘণ্টাঅবধি ৩ ঘণ্টা পর্য্যন্ত।
শয্যাগত ব্যক্তিরদের অস্ত্র চিকিৎসা। শ্রীযুত আর ওশগনেসি সাহেব।	শুক্রবারে বেলা ১ ঘণ্টাঅবধি ২ ঘণ্টা পর্য্যন্ত।
মাটিরিয়া মেডিকা এবং রোগের উপশমক বিদ্যা। শ্রীযুত ডাক্তর মৌআট সাহেব ...	প্রতিদিন বেলা ১০ ঘণ্টাঅবধি ১১ ঘণ্টা পর্য্যন্ত।
ধাত্রীত্ব বিদ্যা। শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব	মঙ্গলবার বুধবার শুক্রবার শনিবার বেলা ৩ ঘণ্টা সময়ে।

হাসপাটালে রোগিরদের সেবা।

স্থান	সময়
পুরুষেরদের হাসপাটালে চিকিৎসা করণার্থ গমন	প্রতিদিন পূর্ব্বাহ্নে ৬ ঘণ্টাঅবধি ৭ ঘণ্টা পর্য্যন্ত এবং মঙ্গল ও বৃহস্পতি ও শনিবারে বেলা ১ ঘণ্টাঅবধি ২ ঘণ্টা পর্য্যন্ত
অস্ত্র ব্যবহারার্থ গমন। ...	প্রতিদিন বেলা ১ ঘণ্টা সময়ে।
স্ত্রীলোকেরদের ও ধাত্রী সম্বন্ধীয় হাসপাটাল।	মঙ্গলবার ও শুক্রবার বেলা ১ ঘণ্টা অবধি২ ঘণ্টাপর্য্যন্ত
বাহিরের ঔষধালয়।	প্রতিদিন পূর্ব্বাহ্নে ৭ ঘণ্টাঅবধি ১০ ঘণ্টা পর্য্যন্ত। অপরাহ্নে ৫ ঘণ্টাঅবধি ৬ ঘণ্টা পর্য্যন্ত।

উক্ত বৈঠকের আরম্ভে জুন মাসের ১৫ তারিখে শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব শিক্ষার ভূমিকাস্বরূপ সাধারণ বক্তৃতা করিবেন।

(হুকুমক্রমে।)
এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৭ সাল ২০ আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 26th May, 1847.

Mohunlaul Panday to be Acting Moonsiff of Mungulcote, East Burdwan, for five months.

LEAVES OF ABSENCE.

The 31st May, 1847.

Moulvy Mahomed Sady, Moonsiff of Sherepore, Zillah Mymensingh, for three weeks from the 17th instant.

Moulvy Gholam Pyember, Moonsiff of Anundpore, Zillah Midnapore, for six months.

Baboo Kassisur Mitter, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for fifteen days, from the 4th proximo.

B. J. Colvin, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৬ মে।

শ্রীযুত মোহনলাল পাঁড়ে পাঁচ মাসপর্য্যন্ত পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৩১ মে।

জিলা ময়মুনসিংহের শেরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ সাদি বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা মেদিনীপুরের আনন্দপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম পৈয়ম্বর ছয় মাসের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র আগামি মাসের ৪ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৩২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৯ মে।

যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি এফ বেলাই সাহেব (Mr. C. F. Belli,) ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

জিলা হাজারীবাগের চেত্রার মুনসেফ শ্রীযুত মৌলবী সেখ আবদুল আলী প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৯ মে।

পাটনার জজ সাহেব ঐ জিলার সাবেক একটিং সদর আমীন শ্রীযুত কলিন মাকডনাল্ড সাহেবকে (Mr. Colin Macdonald,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

১৮৪৭ সাল ২৬ মে।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসেল সাহেব (Mr. H. P. Russell,) আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি ডবলিউ ফ্রেজর সাহেব (Mr. D. W. Fraser,) গত ডিসেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ফারুক খাঁ নয় দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের কাজী শ্রীযুত মৌলবী সফীউদ্দীন গত ফেব্রুআরি মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত আর এফ হডসন সাহেবকে (Mr. R. F. Hodgson,) গত মার্চ মাসের ২২ তারিখে যে দুই সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত রায় রাধাগোবিন্দ সোম বর্ত্তমান মাসের ১ তারিখে যে ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৯ মে।

চাটিগাঁর অতিরিক্ত কালেক্টর শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

যশোহরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H. F. James,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্স গ্রান্ট সাহেব (Mr. James Grant,) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব (Mr. A. G. Macdonald,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে সি হটন সাহেব (Lieut. J. C. Haughton,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে সিংহ ভূমে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্টী কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব হুকুম করিয়াছেন যে থানা নওয়াবাদ নদীর ওপারহইতে উঠাইয়া খুলনাতে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর নিকটে বসান যায়।

সদর আদালতের পরামর্শমতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব হুকুম করিয়াছেন যে চাটিগাঁ জিলার হাওলা ও পটিয়া ও দিয়াঙ্গ গ্রামের মুনসেফেরদের এলাকা সমান করণের অভিপ্রায়ে নীচের লিখিত গ্রাম এক চাকলাহইতে উঠাইয়া অন্য চাকলাভুক্ত হয়।

পটিয়াহইতে উঠাইয়া হাওলাতে যে২ গ্রাম ভুক্ত হইবেক।

বাগদণ্ডী — দক্ষিণ শাম্‌রা
চলঘাট — গোআলপাড়া
ঈশ্বর খাইন — রক্তপুর
উত্তর শাম্‌রা — হজরপিটুয়া
খিলনন্দ — মহতালা

[*Government Gazette, 8th June*, 1847.]

দিয়াঙ্গহইতে উঠাইয়া যে২ গ্রাম হাওলাতে ভুক্ত হইবেক।

করিম খাঁ	আলাহি
হাবেলাসদ্বিপ	নাই খাঁ
চর হালিম খাঁ	নাগদহ
নলানদাহ	ওকরা
কলা গাঁ	নমশা
পাঁচরিয়া	য়াকুবদণ্ডী
চর কানাই	মেহেরাটী
হুলাইন	বরায়কারা
বেলমুরী	করতল্লা
নুকয়ইটি	বিরুলিয়া
পেকোটা	ওখয়ড়া
উনাইনপুর	মেলগড়
গয়র উল্লা	শিকলবাহা

দিয়াঙ্গহইতে উঠাইয়া যে২ গ্রাম পটিয়ার এলাকাভুক্ত হইবেক।

পেওলা	মহতা
পোড়ায় করা	ময়ুর
কোশেশ	খাঁয়
আসিয়া	উসখাঁয়
বাটুআ	পাটুকোটা
পূর্ব্ব কনিয়ারা	টাটুয়া
দেবতলা	তেহারি
বাটুয়াপাড়া	সেলুলিয়া

অশুদ্ধ শোধন।

গত মে মাসের ২৫ তারিখের বাঙ্গলা গেজেটের ২৭৯ পৃষ্ঠায় শ্রীযুত কাপ্তান ডবলিউ কেনেডি সাহেব (Captain W. Kennedy,) "আপ্রিল মাসের ২০ তারিখে" আপন কর্ম্মের ভার গ্রহণ করেন এই কথার পরিবর্ত্তে "মার্চ মাসের ২০ তারিখে" গ্রহণ করেন এই কথা পাঠ করিতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৬৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৬ মে।

শ্রীযুত সিসিল বীডন সাহেব (Mr. Cecil Beadon,) বিদ্যাধ্যাপনের কৌন্সেলের মেম্বর হইবেন।

১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) ঢাকা জিলার ও শহরের সেশন জজের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন

হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ এল বোফর্ট সাহেব (Mr. F. L. Beaufort,) ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট ই টি ডালটন সাহেব (Lieut. E. T. Dalton,) আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ আগন্যু সাহেব (Lieut. W. Agnew,) আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টান্ট হইবেন।

অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট চার্লস হলরয়ড সাহেব (Lieut. Charles Holroyd,) আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

আসামের কমিস্যনর সাহেবের যে হুকুমক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট সি এস রেনলুডস সাহেব (Lieut. C. S. Reynolds,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা গোআলপাড়ার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিবেন তাহা মঞ্জুর হইল।

রামগড়ের লঘু অস্ত্রধারি সৈন্যেরদের লেপ্টেনেন্ট শ্রীযুত আর টেলর সাহেব (Lieut. R. Taylor,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত দক্ষিণপশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এস নিকলসন সাহেব (Mr. S. Nicolson,) সম্বলপুরের আসিষ্টান্ট ডাকাধ্যক্ষ হইবেন।

শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross) ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর হইবেন।

নীচের লিখিত ডেপুটী কালেক্টরেরা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

জিলা পাটনাতে শ্রীযুত জে নট সাহেব (Mr. J. Knott,)

জিলা চব্বিশপরগনাতে শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ ও শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত।

জিলা ঢাকাতে শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসু।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৬ মে।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের শ্রীযুত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব হুকুম করিয়াছেন যে নীচের লিখিত গ্রাম জিলা যশোহরের কোছানপুর থানাহইতে উঠাইয়া ঐ জিলার থানা কালীপুলে ভুক্ত হয় এবং থানা কালীপুলহইতে উঠাইয়া কোছানপুর ভুক্ত হয়।

থানা কালীপুলহইতে উঠাইয়া যে২ গ্রাম থানা কোছানপুরে ভুক্ত হয়।

শর্ষাডাঙ্গা	সিন্দুরিয়া
ময়ীনপুর	কোতারপুর
নাগদহ	মাটীকামরা
বাল্লিয়ারপুর	রাউগার পোটা
বালুয়াকাণ্ডি গোপালপুর।	সাদকাণ্ডা

নারায়ণপুর ও দর্ভাকাণ্ডাগ্রাম থানা কালীপুলহইতে উঠাইয়া থানা কোছানপুরভুক্ত হইবেক।

১৮৪৭ সাল ২ জুন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইট সাহেব (Mr. T. Wyatt,) গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত আর স্কট সাহেব (Mr. R. Scott,) গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

OPIUM ADVERTISEMENT. — আফিমবিষয়ক ইশ্‌তিহার।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৭ সাল তারিখ ২৮ মে মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ১৫ জ্যৈষ্ঠ।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ১৪ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ১ আষাঢ় সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার

সন ১৮৪৫ । ৪৬ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম———১৬৯০
বানারসের পয়দায়শী আফিম —— ৭১৫
জুমলা সিন্দুক———
২৪০৫

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানি ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্নে দুই প্রহর পাঁচ ঘণ্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশতেহার হইল তাহার কতক লাট গরবিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘণ্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সমুদয় লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক আর যে দিবসে বিক্রয়ের ইশতেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৪০৫ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলাম ঘরের ভিতর খরিদারের নাম সেলবহীতে রেজষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানত পেশগীর বাবৎ প্রমিস্যারি নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৭ সালের ১৬ জুন বুধবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যারি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগী হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্ত মতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যারি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৭ সালের ১৬ জুন তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেই মত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানত পেশগী টাকা ঐ ১৬ জুন দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশতেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখ হইতে পূরা পোনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৭ সালের ২৯ জুন মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিস্মতের বাবৎ ট্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানত হইয়া থাকিবেক অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা ঐ লাট ফি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যে প্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক। তাহাতে ছানি নীলামে যে লাভ হইবেক তাহাতে না দাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদ দরহইতে ছানি নীলামের খরিদ দরে যত টাকা লোকসান অথবা তফাওৎ হইবেক তাহা আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহাভিন্ন অন্য কোন প্রকারে কমীবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশতেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবট্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহীতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারি যে সাহেব নীলামের সুপ্রিণ্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি আপন বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গাল বেঙ্ক

[*Government Gazette, 8th June, 1847.*]

নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবামাত্র দাখিল করে তবে তাহারদি-গের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম রোধ করণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশতেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলাম কালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনরায় তৎক্ষণাৎ সেই লাট উচ্চ পরিমিত মূল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দরক্রমে কম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক না করে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন লাটের নিমিত্তে অকৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্যসম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত লাট উচিত বুঝিবেন তত লাট ঐরূপে বিক্রয় করিতে পারিবেন কিন্তু এই শরতের ২ দফার লিখিত ন্যূন সংখ্যা ৪০০৲ টাকার মূল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর-হইতে যত লাট সেই এজেন্সির আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত উর্দ্ধ সংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানত করিতে হইবেক এবং পহিলা লাট ফি সিন্দুক যত টাকা দরে খরিদ্দ করিয়া থাকে সেই হিসাবে কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক। এমতে যদিস্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৪ দফা। এই ইশতেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হই-বেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৫ দফা। নীচের লিখিত তপসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রী হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৬ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৫। ৪৬ সালের বেহার ও বানারসের আফিম তৈ-য়ারি কারণ গত সনহায়ের মত যত্ন ও খবরদারি করা গিয়াছে বিশেষত আফিমের লোচ সুদ্ধা নির্ভাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতি গুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাবে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তজ্জ করিলে দেখিতে পাওয়া যাইবেক। এবং গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কিপ্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার ওজন ও রকমের বিষয়ে আফিমের কারবারসম্পর্কীয় কোন ব্যক্তি আর কোন সমাচার জানিতে চাহিলে পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তর-খানায় দরখাস্ত করিলে পূর্ব্বাপর রীত্যনুসারে জানিতে পারিবেক কিন্তু নীলামের পর যে সকল সিন্দুক জাহাজে রপ্তানি করিবার নিমিত্তে দেওয়া যাইবেক সেই আফিমের ওজন কমী অথবা তফাওৎ কিম্বা মিশ্রিত করণের ওজরে এনামের জন্যে কোন দাওয়া করিলে তাহা প্রচলিত নিয়মানুসারে শ্রীযুত সাহেবান বোর্ড কোন প্রকারেই শুনিবেন না ও গ্রাহ্য করিবেন না।

১৮ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম দেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহার সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৭ সালের ১২ জুলাই সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৮৫	৭২৪	২৪০৯

সি বিডন। একটিং সেক্রেটারী।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম।

SALT. নিমক।

ইশতেহার।

দৈবযোগে নেমক নোকসান হওনের প্রস্তাবে পুনর্ব্বার নেমক ওজন পাইবার মানসে অথবা সেই নেমকের বাবৎ মাহসুল ফেরত পাইবার মানসে যে সকল দরখাস্ত দাখিল হয় তাহার নিষ্পত্তির নিমিত্তে শ্রীযুত বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশান এই নীচের লিখিতব্য নিয়ম সকল অনুধাবন করণার্থে নিশ্চয় করিয়াছেন।

১ দফা। ঐরূপ নেমক নোকসানের প্রস্তাবে কোন দরখাস্ত অদাকার তারিখহইতে ৫ পাঁচ বৎসরের অধিক মুদ্দতের বাবৎ দাখিল হইলে তাহাতে কোন মনোযোগ করা যাইবেক না।

২ দফা। বর্ত্তমান সন ১৮৪৭ সালের ২ ডিসেম্বরের পূর্ব্বে দাখিল না হইলে ঐরূপ নেমক নোকসানের প্রস্তাবে কোন দরখাস্ত অদাকার তারিখের পূর্ব্বের গহরকী বলিয়া গ্রাহ্য করা যাইবেক না।

৩ দফা। এবং অতঃপর নেমক নোকসানের তারিখঅবধি তিন মাস মুদ্দত গত হইলে পর দাখিল হইলে ঐরূপ কোন দরখাস্ত লওয়া যাইবেক না ইতি সন ১৮৪৭ সাল তারিখ ২ জুন মতাবেক বাঙ্গলা সন ১২৫৪ সাল তা-রিখ ২০ জ্যৈষ্ঠ।

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট ও নেমক ও আফিম। সি বীডন। একটিং সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪৭। ৮ জুন।]

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলা শুক্তি বাবৎ লাং ৩১ মে সন ১৮৪৭ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেন্ট।

এজেন্সীর নাম	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবেক ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নেমক। ঘাট উত্তর কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ দক্ষিণ কালীনগর।	৩,৩৯,৮৫৯/	৫,০১,০৪৬/	৩,৪২,৬০৮/	২,৮০,২২৪/	৩,৮৪,৫০৫/	২,৫৯,৪৪৯/	২১,০৭,৬৯১/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	২৬,৩৩৩৸০	০	০	১,৩৫,৯১৮/	১,৬২,২৫১৸০
ঐ ঐ জেরো পাইকা।	০	১,৯৫,৫৮৮/	২,৪৩,২১৭/	২,৯৬,৩০৭/	২,৪২,৬৫৫/	১,৯০,৮১১/	১১,৬৮,৫৭৮/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	০	১,৪০,৭১৮/	১,৪০,৭১৮/
গাছা নমক।	০	১৩,৩৪৯॥০	১৫,২৩৪/	০	০	০	২৮,৫৮৩॥০
একুন।	৩,৩৯,৮৫৯/	৭,০৯,৯৮৩॥০	৬,২৭,৩৯২৸০	৫,৭৬,৫৩১/	৬,২৭,১৬০/	৭,২৬,৮৯৬/	৩৬,০৭,৮২২।০
তমলুক।							
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	০	০	১,০১,৫০১॥৪	২,৮৪,৯৬১/৩	১,৪১,২৯৬৸৫	৫,২৭,৭৫৯॥২
ক্রোকী নমক।	০	০	০	০	০	০	৭৭/৩॥/
একুন।	০	০	০	১,০১,৫০১॥৪	২,৮৪,৯৬১/৩	১,৪১,২৯৬৸৫	৫,২৭,৮৩৬॥৫॥/
২৪ পরগনা।							
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	০	৩০৫।০	০	৫,৮০৯/৫	৫,২৩৭॥০	০	১১,৩৮১৸৫
ঐ ঐ ঐ তাফাল।	০	৬,৮৭৯/	১৬/	৭৪,২১৭/	২,৬৭,৫৬১॥০	০	৩,৪৮,৬৭৩॥০
ঐ ঐ বালিয়াঘাটা।	০	০	০	০	১৫০।৫	০	১৫০।৫
ঐ ঐ বেঁওতা।	০	০	০	০	০	০	০
ঐ ঐ গোরদা।	০	০	০	০	৫৫৬৸৭	০	৫৫৬৸৭
ঐ ঐ ডাইমণ্ডহারবর।	০	০	০	১,৪৩৮/	৪৫,০৮৮/	০	৪৬,৫২৬/
ঐ ঐ বাগুণ্ডী।	০	০	০	১,৬৬৫/	৩৩,৭০৬/০	০	৩৫,২৭১/
ঐ শ্রীযুত প্রিন্সেপ সাহেবের পহিলা রকম।	০	০	০	০	০	০	০
ঐ ঐ মিশ্রিত।	০	০	৪,৬২৮।০	৬,১৫৬॥০	৮,৭৪১/	৫,৬৩২/	২৫,১৫৭৸০
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	৫৫৪/

একেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১ । ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২ । ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩ । ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪ । ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫ । ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬ । ৪৭ সাল	মেজুন নমকের একুন
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	০	৭,১৮৪ ।০	৪,৬৪৪ ।০	৮৯,২১৫॥৫	৩,৬১,০৪১ ।২	৫,৬০২/	৪,৭৩,৮৪৪ ।৭
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক। ঘাট নেজামপুর ডোমখালি।	০	০	১,৬৭,১৬৯৸৫	১,৬৫,৭৫০ ।৫	০	০	৩,৩২,৯২০ ।০
ঐ ঐ সদর ঘাট।	০	০	০	০	০	০	০
ঐ ঐ আরাকিন।	০	০	০	১,৩৪,৮৭৬ ।৬	২,০৩,৬৬৯ ।০	৩,৯৮,৩২১ ।৫	৭,৩৬,৮৬৭ ।১
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	১,৬৭,১৬৯৸৫	৩,০০,৬২৬৸১	২,০৩,৬৬৯ ।০	৩,৯৮,৩২১ ॥৫	১০,৬৯,৭৮৭ ॥১
ভুলুয়া।							
পাঙ্গা ঘাট কাঁকড়া। আরাকিন।	০	০	০	০	১,২৭,৫২৪৸০	০	১,২৭,৫২৪৸০
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	১,২৭,৫২৪৸০	০	১,২৭,৫২৪৸০
শালিখা।							
পাঙ্গা নেমক। কটক।	০	০	১,৪০,৪৩৫৸০	৩,০০,৬৬৩॥০	১,৭৯,৬২২/	৬,০৫২/	৬,২৬,৭৭৬ ।০
ঐ বালেশ্বর।	০	১,৬৯,৪২৫/৭	২,৮৭,৪১৯/	১,৭০,৩৩৩৸০	১,২৭,৬৬৪ ॥০	৪৬,৭১২/	৮,০১,৫৮৪ ।৭
ঐ খোরদা।	০	০	০	৩৭,৫৪৬ ॥০	৪১,৩৫৯/	০	৭৮,৯০৫ ॥০
ঐ চিলকা।	৩৫,৪৫৩/	৮৮,১৬৬/	১,২৪,২০৮/	১,২৮,৪৭৪ ॥০	৫৫,৩৫৯ ॥০	০	৪,৩১,৬৬১/
করকচ নেমক মান্দ্রাজ পরমিট। ১ পহিলা রকম।	০	০	৬৪,৭১৮॥০	৮৪,৪৭০/	১,১০,৫০৩/	২,৪৭৪/	২,৬২,১৬৫ ॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	০	২,০২,৬১৯ ॥০	২,২২,৯৪২ ।০	২,৫৫,৩১৫৸০	৭৭,৭০৮/	২,১৯৬/	৭,৬০,৮৬১॥০
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	৪৮/	০	০	০	৪৮/
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	১৬,৫২৬॥৭
ক্রোকি করকচ।	০	০	০	০	১৪ ।৯	০	১৪ ।৯
ক্রোকি সৈন্ধব।	০	০	০	০	০	০	০
ক্রোকি নেমক।	০	০	০	০	৫॥১	৸৯ ॥	৬॥০ ॥
একুন।	৩৫,৪৫৩/	৪,৬০,২১০ ॥৭	৮,৩৯,৭৭১॥০	৯,৭৬,৯১৭/	৫,৯২,২৩৬/	৫৭,৪৩৪৸৯ ॥	২৯,৭৮,৫৪৯৸৩ ॥
মোট একুন।	৩,৭৫,৩১২/	১১,৭৭,৩৭৮ ।৭	১৬,৩৮,৯৭৮ ।৫	২০,৪৪,৭৯২/	২১,৯৬,৫৯২ ।৫	১৩,২৯,৫৮১ ।৯ ॥	৮৭,৮৫,৩৬৫ ।৭

সি বিডন। একটিং সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জিলা ভুলুয়া।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ছয় ধারার মর্ম্মানুযায়ি জিলা ভুলুয়ার নীচের লিখিত মহালাতের সন ১২৫৪ সনের লাগায়ত কিস্তী বৈশাখের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যঅন্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকি মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৪৭ সনের ২১ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৫৪ সনের ৮ আষাঢ় রোজ সোমবার অত্র কালেক্টরি কাছারিতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ সন তারিখ ২৭ মে মোতাবেক সন ১২৫৪ সন বাঙ্গলা তারিখ ১৪ জ্যৈষ্ঠ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা সন ১২৫৩ সনের লাগায়ত কিস্তী চৈত্রের বাকী খাজানা	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১১৯১	পরগণে অমরাবাদ হিস্যা ।/৬॥= ক্রান্তি তালুক নন্দরাম	রামধন	৩।/৭	৩।/৭	
ঐ	ঐ	১২০৩	পরগণে ঐ হিস্যা ঐ তালুক সাহা নেজাম	মাহাম্মদ গএছ	১॥৬	১॥৬	
ঐ	ঐ	১২০৫	পরগণে ঐ হিস্যা ঐ তালুক সোণারাম দত্ত	গোবর্দ্ধন তেওয়ারী... ...	৫॥/৪	৫॥/৪	
ঐ	ঐ	১৩৬৯	পরগণে নিজসন্দীপ প্রাণকৃষ্ণ বিশ্বাস বাবদে ওয়াছিল আকবরের খারিজা মুদাফত জিম্মা আবদুল্লা খলীফা হাল তালুক হাসন আলী খলীফা রমীজদ্দী খলীফা আক্রপ খলীফা মৈজদ্দী খলীফা আজামদ্দী খলীফা শ্রীমতী বনিজা বিবি সোণাবিবি বরকতুল্লা খলীফা	আশরফ খন্দকার বরকতুল্লা মৈজদ্দী হাসন আলী খলীফা সোণাবিবি বনিজা বিবি রমীজদ্দীন সুযাবিবি ...	৩১/৪	১৬৻৫	
ঐ	ঐ	১৩৭২	পরগণে ঐ মহাল মুখলুদ ॥/১৮। গণ্ডা তরফ প্রাণকৃষ্ণ বিশ্বাস ও তরফ ভবানীচরণের খারিজা মুদাফত জিম্মা মাহাম্মদ কোরেশ কাজী হাল তালুক ওয়াজীদ বক্‌শ ও শ্রীমতী অছিমাবানু	ওয়াজিদ বক্‌শ শ্রীমতী অছিমাবানু	৫১।/১১	৩১৻৪	
ঐ	ঐ	১৩৯০	পরগণে সন্দীপ চাকলে হাতিয়া তরফ মাহাম্মদ হোশনের খারিজা মাদাফত জিম্মা জুমন হাশীম হাল তালুক মহাম্মদ কাছিম	মাহাম্মদ কাছিম	৯৮॥/১	৪৩॥/৮	
৪	অন্যঅন্য মহালের বাবদ পাওনা বাকী মালগুজারির নিমিত্তে যে মহালে নীলাম হয়		পরগণে ভুলুয়া তরফ খিলপাড়া মুজাফাত জগচ্চন্দ্রনারায়ণ চৌধুরী মাজুল মধ্যে তালুক ছদরদ্দী ভূঞা ...	ছদরদ্দী ভূঞা	সিকমি মহাল বিধায় জমা লিখা গেল না	চরকৃষ্ণপুরার মধ্যে হাওলা মান বিবির সন ১২৪৮।৪৯। সনের বাকী খাজানা ৪৮৪॥০	এই বাকী আদায়ের কারণ এই তালুকের ছদরদ্দী ভূঞার হকুক নীলাম হইবেক।

J. WHEELER, *Deputy Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান এই যে।

নীচের লিখিত মহালাতের সরকারি রাজস্বের টাকা আদায় কারণ ইঙ্গরাজী ১৮৪৭ সালের ২৬ এপ্রেল তারিখে ইং ১৮৪৫ সালের প্রথম আইনানুসারে নীলাম হইলে খরিদারগন বায়নার টাকা দাখিল করিয়া মুল্যের অবশিষ্ট টাকা ৩০ দিবস মধ্যে দাখিল না করা হেতু ইং ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার বিধানমতে এই জিলার নিম্নের লিখিত মহালাত সরকারের বাকী রাজস্বের টাকা আদায় কারণ ইং ১৮৪৭ সালের ২৮ জুন মোতাবক সন ১২৫৪ সালের ১৫ আষাঢ় সোমবার দিবা দুই প্রহরের কালীন এই কাছারিতে বিনাওজর পুনরায় নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	তৌজীর লিখিত মালিকের নাম	সদর জমা কোম্পানি	সন ১২৫৩ সালের লাগাদ ফাল্গুণ সন ১৮৪৭ সালের লাং ফেব্রুআরির বাকী	মন্তব্য কথা
১	শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	২৪৭১ নং	কেন্দুলি পঃ শেনপাহাড়ি	বিশ্বনাথ দত্তদিগর	॥৶১০	॥৶১০	
	ঐ	২৪৭৪ নং	শ্রীরামপুর পঃ ঐ	গুরুপ্রসাদ রায়	৸/৯	৸/৯	
	ঐ	২৭০১ নং	গোবর্দ্ধনপুর পঃ মুজফরশা হী	আনন্দনাথ রায়	৪।৶১০	৪।৶১০	
	ঐ	৩১৫৩ নং	চিকরবেতা পঃ শেনপাহাড়ী	দয়াময়ী দেব্যা	২।৶৭	২।৶৭	

W. Luke, *Collector.*

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলা ত্রিপুরার মতালক সন ১২৫৪ বাঙ্গলার লাং কিস্তী বৈশাখের পাওনা বাকী মালগুজারীর নিমিত্তে এবং অন্যান্য দাওয়া চলিত আইনক্রমে মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৪৭ ইংরেজীর ২৪ জুন মোতাবকে সন ১২৫৪ বাঙ্গলার ১১ আষাঢ় রোজ বৃহস্পতিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলাম করা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইংরেজী তারিখ ২৬ মাই।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোং	বাকী খাজানা লাং কিস্তী বৈশাখ সন ১২৫৪ বাং	কৈফিয়ৎ
১	এস্তমেরারী জমা ধার্য্য হওয়া মহাল ...	৯৭	পং পুরচণ্ডী তাং ছৈয়দলাল	ছৈয়দ রোশন	৪॥৶৫	৪॥৶৫	
	ঐ	১০০	পং তথা তাং সর্ব্বেশ্বর সাহ	রাজচান্দ ও বদনচান্দ ও তিলকচান্দ ও দীপ-চান্দ	১৸৶৩	১৸৶৩	
	ঐ	৭৭০	তং কবকাবাদ তাং সোণাগাজি মুং মাহামুদরফি	কেবলকৃষ্ণ দাস	৯/১	৯/১	
	ঐ	৮৮৯	পং গুনান্দী তাং রামমাণিক্য মুং হিং ৵যাদুরায়	রামমাণিক্য...	৩।৩	৩।৩	
	ঐ	১০৯৩	পং মহবতপুর তাং রামেশ্বর চক্রবর্ত্তী	কালীকমল রায়	৩৶৯	৩৶৯	

H. C. Metcalfe, *Collector.*

[*Government Gazette, 8th June, 1847.*]

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে ঢাকার জিলার নীচের লিখিত বন্দবস্তী মহালাত ১২৫৩ সনের ১ চৈত্রপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইং ১৮৪৭ সনের ৩০ জুন মোতাবেক ১২৫৪ সনের ১৭ আষাঢ় বুধবার জিলা ঢাকার শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে বাজ নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৭ ইং তারিখ ২৬ মাই মোং ১২৫৪ সন তারিখ ১৩ জ্যৈষ্ঠ।

শ্রেণির নম্বর	মহালের শ্রেণি	জিলার তৌজির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১২৫৩ সনের লাং ফাল্গুণের বাকী	মন্তব্য কথা।
১	ইস্তমুরারি বন্দবস্তী মহাল...	৩১৯৬	খাং পং রম্বলপুর হিস্যা ৷৵ আনি তাং মিঞা খাঁ মিং খং পীর মাহাম্মদ দারোগা ...	পীর মাহাম্মদ ... দারোগা... ...	৩৬১১	২৲	এই বাকীর কারণ ১৮৪৭ সনের ২৩ আপ্রিল নীলাম হয় তাহাতে খরিদার ত্রিশ দিবসের দিন বাকী কিস্মত না দেওয়াতে তাহার দাখীলী বাএনা সরকারে জব্দ হইয়াছে ১৬ ধারামতে মহাল বাজ নীলাম হইবেক ইতি।
২	ঐ	৩৩১৪	খাং তং মুকন্দপুর হিং ।০ আনি তাং জাহান খাঁ	জাহান খাঁ ...	৩৲	১॥০	তথা।
৩	ঐ	৩৩১৫	তং তথা তাং আওগান খাঁ...	আওগান খাঁ ...	৩৵২ ॥	১॥০	তথা।

C. Tottenham, *Collector.*

এস্তালানামা।

সম্বাদ দেওয়া যাইতেছে সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারাঅনুসারে জেলা মেদিনীপুরের নীচের লিখিত মহাল সন ১৮৪৭ সালের ২৪ জুন মোং বাঙ্গলা সন ১২৫৪ সালের ১১ আষাঢ় মোওয়াফকে আমলি সন ১২৫৪ সালের ১২ আষাঢ় রোজ বৃহস্পতিবার জেলা মজকুরের কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় নীলাম হইবেক ইতি সন ১৮৪৭ সাল তাং ৩১ মেই মোং সন ১২৫৪ সাল ১৮ জ্যৈষ্ঠ মোওয়াফকে সন ১২৫৪ সাল তাং ১৯ জ্যৈষ্ঠ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৭ সালের ২৯ মার্চ তারিখে বাকী	
১	দাএমি বন্দোবস্তী মহাল	৭১৯	মহাল পূরিগঙ্গা পং দন্তমুঠা	ভাগবত যোলমানি	৮৪৸৵৪	২৯॥৵৩।	এই মহাল সন ১৮৪৭ সালের ২৬ আপ্রিলে বিক্রী হইয়াছিল খরিদার টাকা না দেওয়াতে রিলিস হইল।
		২৩৪৬	মহালগড় সেনাপতা পং ব্রাহ্মণ ভূমি ...	রামপ্রসাদ বসু ও বিপ্রপ্রসাদ ঘোষ ...	১২৸৴	১১৸৴	ঐ
৪	অন্য মহালের বাং বাকী টাকা আদায় কারণ যে নীলাম	•	পং জেলবা চোব মোং বেলডিহা ৭৪৬৬ নং সনন্দী ১৪০ নং কানুন দোএমী জমি ৩৮৴২	পনাউল্লা	•	১৩০৸৵১১৸	এই জায়দাদ সন ১৮৪৭ সালের ২৬ আপ্রিলে নীলাম হইয়াছিল খরিদার টাকা না দেওয়াতে রিলিস হইল।

J. S. Torrens, *Collector.*

এতলানামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ। সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইং ১ প্রথম আইনের ৬ ধারার বিধিমতে উক্ত আইনের ৩ ও ৫ ধারার বিষয়ের বাকীপড়া নীচের লিখিত মহালের সন ১২৫৩ বাঙ্গলার লাগায়েত কিস্তি ফাল্গুণের পাওনা বাকী রাজস্ব আদায়ের নিমিত্তক সন ১৮৪৭ ইংরেজির ২৬ আপ্রিল মোতাবেক সন ১২৫৪ বাং১৪ বৈশাখ রোজ সোমবার এই কাছারিতে নীলামে ধরা যাইয়া ডাক দেওয়াতে খরিদার নীলাম খরিদ করিয়া রীতিমতে বায়নার টাকা দাখিল করিয়াছিলেক পরে নিয়মিত মেয়াদ মধ্যে বাকী মূল্য সরকারি ধনাগারে দাখিল না করাতে উক্ত আইনের ১৬ ধারার মর্ম্মানুসারে খরিদারের দাখিলি বায়নার টাকা সরকারে জব্দ ও নীচের লিখিত মহাল পুনঃ নীলাম করা আবশ্যক হইয়া উপরোক্ত ৬ ধারাক্রমে এতলানামা দেওয়া যায় যে মহাল মজকুর সন ১৮৪৭ ইংরেজীর ২১ জুন মোতাবেক সন ১২৫৪ বাঙ্গলার ৮ আষাঢ় রোজ সোমবার এই কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইং তাং ৩১ মেই মোতাবেক সন ১২৫৪ বাং তাং ১৮ জ্যৈষ্ঠ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোম্পানি	বাকী খাজানা লাং কিস্তী ফাল্গুণ সন ১২৫৩ বাং	মন্তব্য কথা।
২	ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল	০	পং গিলিমাবাদ নক্ত চক জিওন মারি পত্তনি তালুক কালীপ্রসাদ ঘোষ ও চৌধুরী আবদুল খানেক	কালীপ্রসাদ ঘোষ ও আবদুল খানেক চৌধুরী	ইং ১২৫২ সন লাং ১২৫৪ সন ফি সন ১৩৮৸৩ ১২৫৫ সন ১৮১।৶৫ ১২৫৬ সন ২০১৸৫ ১২৫৭ সন ২২৩৸৶৫ ইং ১২৫৮ সন লাং ১২৬১ সন ফি সন ২৩৮৶৫ ১২৬২ সন ৪০১॥৶ ১২৬৩ সন ৫১০৷৵৩ ১২৬৪ সন ৫৬৫৶৮ ইং ১২৬৫ সন লাং ১২৭১ সন ফি সন ৬১১৸০	১০০৲	এই মহালের বন্দোবস্ত এইক্ষণপর্য্যন্ত মঞ্জুর হয় নাই তালুকদারের যে স্বত্ত ও হক নীলাম হইবেক ইতি

HENRY ATHERTON, *Offg. Collector.*

সংবাদ দেওয়া যাইতেছে যে

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলে ময়মনসিংহের নীচের লিখা মহাল ১২৫৩ সনের লাং কিস্তি ফালগুণের সরকারের পাওনা মালগুজারি আদায় নিমিত্তে ১৮৪৭ সনের ২৪ জুন মোতাবেক ১২৫৪ সনের ১১ আষাঢ় রোজ বৃহস্পতিবার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে ধরা গিয়া নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৪৭ সন তাং ২৮ মেই মোং ১৫ জ্যৈষ্ঠ ১২৫৪।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	১২৫৩ সনের লাং কিস্তি ফালুগুণের বাকী
১	চিরস্ত বন্দোবস্তী	১০৩৫	কৃষ্ণবল্লভচন্দ্র পরগনে বড়বাজু	কৃষ্ণকান্ত সরকার নীলাম খরিদার	৮॥৭	৮॥৭

H. B. Beresford, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of BHEEKOORAM DOSS, late of Camptollah in the town of Calcutta, and GOOPEENAUTH DOSS, late of Gree Baboo's Lane, Molungah, in the town of Calcutta, Merchants and Traders, heretofore carrying on business in copartnership at Terratee's Bazar in Calcutta, under the name, style and firm of Bheekooram Doss and Company.

NOTICE is hereby given, that by an order made on the 22nd day of May instant, it was adjudged that the petition of Surroopchunder Bose, a creditor of the said Bheekooram Doss, and Goopeenauth Doss, was true, and that the said Bheekooram Doss, and Goopeenauth Doss had committed an act of Insolvency, and that by another order of the said Court, made in the same day, Robert O'Dowda, Esquire was appointed Assignee of the Estate of the said Insolvent, dated this day of May, 1847.

Paul and Smelt, *Attornies for the Petitioning Creditor Surroopchunder Bose.*

Calcutta, 31st May, 1847.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

ভিক্ষুরাম দাস কোম্পানির নামে কলিকাতার তেরেটি বাজারে সওদাগর ও ব্যবসায়ী কলিকাতা নগরের মলঙ্গার গিরি বাবুর গলিনিবাসি গোপীনাথ দাস ও কলিকাতা নগরের চাঁপাতলানিবাসি ভিক্ষুরাম দাসের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ২২ তারিখে উক্ত আদালতে নির্দ্ধারণ হইল যে উক্ত ভিক্ষুরাম দাস ও গোপীনাথ দাসের মহাজন সরূপচন্দ্র বসু যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য বটে এবং উক্ত ভিক্ষুরাম দাস ও গোপীনাথ দাস যোত্রহীন বটেন এবং উক্ত আদালতের অন্য হুকুমক্রমে শ্রীযুত আর ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনেরদের আসৈনি পদে নিযুক্ত হন। পাল ও স্মেল্ট।

কলিকাতা। ১৮৪৭ সাল ৩১ মে। দরখাস্তকারি মহাজন সরূপচন্দ্র বসুর উকীল।

In the matter of the Petition of NETTERVILLE HENRY ALEXANDER CAMPBELL, late of Park Street in the Town of Calcutta, Superintendent of the Calcutta Customs Preventive Service, adjudged entitled on Saturday, the seventeenth day of October, one thousand eight hundred and forty-six, to the benefit of the Act of the ninth George the Fourth Chapter seventy-three, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies."

NOTICE is hereby given, that by an order made in this matter on the 29th day of May, 1847, it was ordered that the said Insolvent be for ever discharged from all liability whatsoever, for or in respect of the several debts due from him to the following persons, (that is to say,) Dhurmodoss Mitter, Messrs. Thomas and Campion, Dhurmodoss Bonnerjee, W. G. Rose, Edward Touche, Mrs. Jane Dunbar, John Hudson, W. Dickson, H. G. Statham, Gobinchunder Dhur, Sreekissen Paul, Ramchund Bonnerjee, T. C. Morton, Esquire, Moheschunder Bose, Rustomjee Cowasjee and Co., J. Vanderbeck, Sir T. E. M. Turton, Baronet, Administrator to the Estate of the late N. Hudson, Rajmohun Roy, Buddenchund Roy, E. Paniotty, F. Neilson, J. M. Dove, Samuel Smith, J. M. Dove, Sibchunder Chatterjee, A. R. Dugman, R. O'Dowda, Assignee of the late firm of Tulloh and Co., Messrs. Gibson and Co., Messrs. J. Weaver and Co., Bonmally Seal, D. Wilson and Co., Hughes and Templer, Samuel Smith, Cowell and Co., Radakissen Sain, F. W. Browne and Co., Lattey Brothers, Messrs. Thos. DeSouza and Co., Payne and Co., B. Collins and Co., Messrs. D. M'Donald and Co., Messrs. Schram and LeBlond, Gervain and Co., Russickloll Dutt, Rodrigues and Co., Sir T. E. M. Turton, Baronet, Administrator to the Estate of the late N. Hudson, Messrs. Carr, Tagore and Co., P. J. Paul, John Culloden, John Richard Fraser, Surroopchunder Bose, Ramcoomar Chatterjee, and Govinchunder Rucket, unless cause be shewn to the contrary on Saturday, the third day of July next.

Calcutta, 1st June, 1847. R. Graham, *Insolvent's Attorney.*

কলিকাতার হাসিলের প্রিবেন্টিব সরবিসের সুপরিন্টেণ্ডেন্ট পূর্ব্বে কলিকাতা নগরের পার্ক ষ্ট্রিটনিবাসি নেটরবিল হেনরি আলেকজাণ্ডর কাম্বেল সাহেব ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ানুসারে উপকার পাইবার যোগ্য এমত নির্দ্ধারণ ১৮৪৬ সালের ১৭ অক্টোবর তারিখ শনিবারে হইল।

এই বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৭ সালের ২৯ মে তারিখে হুকুম হইল যে আগামি জুলাই মাসের ৩ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যেং টাকা ধারেন তাহার সমুদয় দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন অর্থাৎ ধর্ম্মদাস মিত্র, তামস ও কাম্পিয়ন, ধর্ম্মদাস বাঁড়ুয্যা, ডবলিউ জি রোজ, এড্বার্ড টুস, বিবি জেন ডনবার, জান হডসন, ডবলিউ ডিকসন, এচ জি ষ্টেথম, গোবিন্দচন্দ্র ধর, শ্রীকৃষ্ণ পাল, রামচাঁদ বাঁড়ুয্যা, টি সি মর্টন সাহেব, মহেশচন্দ্র বসু, রষ্টমজী কওরাসজী কোম্পানি, জে বাণ্ডর্বেক সাহেব, মৃত এন হডসন সাহেবের অছি সর টি ই এম টর্টন সাহেব, রাজমোহন রায়, বদনচন্দ্র রায়, ই পানি-

ওটি, এফ নিলসন, জে এম ডব, সামুএল স্মিথ সাহেব, জে এম ডব সাহেব, শিবচন্দ্র চাটুয্যা, এ আর ডগমান সাহেব, টালা কোম্পানির সাবেক কুঠীর আসৈনি আর ওড়োডা সাহেব, গিবসন কোং, জে উইবর কোং, বনমালী শীল, ডি উইলসন কোং, হিউস ও টেম্প্লর, সামুএল স্মিথ কৌঅল কোং, রাধাকৃষ্ণ সেন, এফ ডবলিউ ব্রৌণ কোং, লাটি ব্রাদর, তামস ডিসুজা কোং, পেইন কোং, বি কলিন্স কোং, ডি মাকডনালড কোং, সুাম ও লারেণ্ড, জরবেন কোং, রসিকলাল দত্ত, রড্রিকস কোং, মৃত এন হডসন সাহেবের ইষ্টেটের অছি সর টি ই এম টর্টন সাহেব, কার ঠাকুর কোং, পি জে পল সাহেব, জান কলোডন সাহেব, জান রিচার্ড ফ্রেজর সাহেব, সরূপচন্দ্র বসু, রামকুমার চাটুয্যা ও গোবিন্দচন্দ্র রক্ষিত।

কলিকাতা ১৮৪৭। ১ জুন। আর গ্রেহাম। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of ANDREW BERRY, late of Midnapore, but at present in the Town of Calcutta, at Fort William, in Bengal, Mail Contractor, now a prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday, the 7th day of August next.

The names of the creditors of the said ANDREW BERRY now appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 29th May, 1847. W. H. Poe, *Attorney for the Insolvent.*

পূর্ব্বে মেদিনীপুরনিবাসি ডাককান্ত্রাক্টর এক্ষণে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর কলিকাতা নগরনিবাসি আন্দ্রু বেরি সাহেব কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত আন্দ্রু বেরি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানার দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। ২৯ মে। ডবলিউ এচ পো। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৮ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 15, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৫ জুন।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 12.

To the Civil Judges in the Lower Provinces.

The Courts of Sudder Dewanny Adawlut for the Lower and Western Provinces, are pleased to declare the rule contained in the Circular Order No. 211, of the 1st July, 1842, extended to the local appellate Courts.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 13th April, 1847.

No. 14.

To the Civil Judges in the Lower Provinces.

1. Adverting to the notice which appeared in the Bengalee and Urdu Gazettes as per margin,* and with reference to the returns, which have been as yet received to the Court's Circular Order, No. 1, dated 2d January last, the Court are pleased to resolve that an Examination of Candidates for the office of Pleader be held on Wednesday, the 1st December next, before the Judge, Magistrate, and Principal Sudder Ameen, in each Zillah, as provided for in Rule 2, of Circular Order No. 17, dated 17th July, 1846. Accordingly you are requested to issue a proclamation to the above effect, sending copies of it to be affixed at each of the subordinate Courts in your district, to inform candidates that they should present to you, at least two months before the day fixed, their applications, together with testimonials as to character and acquirements required by the first rule of the above Circular.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং উত্তরপশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ১৮৪২ সালের ১ জুলাই তারিখের ২১১ নম্বরী সরকুলর অর্ডরের লিখিত বিধি নানা স্থানের আপীল আদালতে খাটান যায়।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১৩ আপ্রিল।

১৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

পশ্চাৎ লিখিত * বাঙ্গলা ও উর্দ্দু গেজেটে প্রকাশিত এস্তেহারা সম্পর্কে এবং গত ২ জানুআরি তারিখের ১ নম্বরী সদর আদালতের সরকুলর অর্ডরক্রমে যে রিপোর্ট অদ্যপর্য্যন্ত পাওয়া গিয়াছে তাহার উপলক্ষে ঐ আদালত নিশ্চয় করিয়াছেন যে ১৮৪৬ সালের ১৭ জুলাই তারিখের ১৭ নম্বরী সরকুলর অর্ডরের ২ বিধিতে যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে ওকালতের পদের কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহান আগামি ডিসেম্বর মাসের ১ তারিখে প্রত্যেক জিলার জজ ও মাজিষ্ট্রেট সাহেব ও প্রধান সদর আমীনের নিকটে হইবেক। অতএব তোমার প্রতি হুকুম হইতেছে যে তদর্থ তুমি এক ঘোষণাপত্র প্রকাশ করিয়া কর্ম্মাকাঙ্ক্ষিরদিগকে জ্ঞাত কর যে তাঁহারা নিরূপিত দিবসের পূর্ব্বে অন্যূন দুই মাস আপনং দরখাস্ত তোমার নিকটে দেন্ এবং উক্ত সরকুলর অর্ডরের ১ বিধির নির্দ্দিষ্ট আচার ব্যবহার ও গুণের সর্টিফিকট তাহার সঙ্গে পাঠান্। ঐ ঘোষণাপত্রের একখান নকল তোমার জিলার প্রত্যেক অধীন আদালতে লট্কাইবার জন্যে তথায় পাঠাইতে হইবেক।

* 12th January, 1847, Bengalee Gazette.
22nd Do. Do. Urdu Gazette.

* ১৮৪৭ সালের ১২ জানুআরি বাঙ্গলা গেজেট
ঐ ২২ ঐ উর্দ্দু ঐ

2. Such Pleaders in your own or in the subordinate Courts as from your opportunities of judging, or from a consideration of the returns made to the Circular Order before cited, you think should be subjected to examination, you are requested to call upon to appear at the one now ordered, when, if they decline to stand, or fail to pass, the ordeal, their sunnuds should be cancelled and their names struck off the list of Pleaders.

3. The Pleaders directed to attend the Examination should have due notice given to them before hand.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 26th May, 1847.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 16.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court, to transmit to you a copy of a letter from the Officiating Secretary to the Sudder Board of Revenue (No. 29, of the 19th instant,) and of its enclosures, communicating the orders of the Government for the abolition of the Judge's and Magistrate's treasuries, and to request your cordial co-operation with the local revenue authorities in carrying those orders into effect.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 28th May, 1847.

No. 29.

To the Register of the Sudder Dewanny and Nizamut Adawlut.

I am directed by the Sudder Board of Revenue, to request that you will lay before the Court the enclosed Circular, No. 8, dated the 19th instant, with its accompaniments, relative to certain authorized alterations in the securities and salaries of the Collectorate Treasurers, the absorption of the salaries of Stamp Darogahs and Interest Mohirirs, and the abolition of the separate Magistrate's and Judge's Treasuries, with a view to their issuing such instructions to the several functionaries concerned under their control, as will tend to facilitate the proposed change.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 19th May, 1847.

No. 8.

To the Commissioner of Revenue for the Division of ———

1st. With reference to the Circulars, issued from this office under dates the 25th February, 1845, and 11th of March last, (No. 4.) I am directed by the Sudder Board of Revenue to forward to

২। বর্ত্তমান উকীলেরদের যোগ্যতার বিবেচনা করণের বিষয়ে তোমার সুযোগের দ্বারা অথবা পূর্ব্বোক্ত সরকুলর অর্ডরক্রমে যে রিপোর্ট হইয়াছে তাহার বিবেচনা করণের দ্বারা তোমার আদালতের এবং তোমার অধীন আদালতের যে২ উকীলকে ইমতিহান দেওনের হুকুম করা উচিত বোধ হয় তাঁহারদিগকে এক্ষণে হুকুমকরা ইমতিহানে হাজির হইতে আদেশ করিবা এবং যদ্যপি তাঁহারা ইমতিহান দিতে স্বীকার না করেন অথবা ইমতিহানে উত্তীর্ণ না হন তবে তাঁহারদের সনদ বাতিল করিতে হইবেক এবং উকীলেরদের নামের ফিরিস্তিহইতে তাঁহারদের নাম কাটিয়া ফেলিতে হইবেক।

৩। যে২ উকীলকে ইমতিহানে হাজির হইতে হুকুম হয় তাঁহারদিগকে দিন থাকিতে এত্তেলা দিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৬ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

বর্ত্তমান মাসের ১৯ তারিখের ২৯ নম্বরী সদর বোর্ড রেবিনিউর এক্টিং সেক্রেটারী সাহেবের পত্রের নকল এবং তাহার সঙ্গে যে লিপি প্রেরিত হইয়াছিল তাহা সদর আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি তাহাতে জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের খাজানাখানা উঠাইয়া দিবার গবর্ণমেণ্টের হুকুম জ্ঞাপন হইয়াছে। অতএব তোমাকে আদেশ করিতেছি যে ঐ হুকুম জারী করণার্থ স্থানীয় রাজস্বের কর্ম্মকারকেরদের তুমি সম্পূর্ণরূপে সহকারিতা কর।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৮ মে।

২৯ নম্বর।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে কালেক্টরীর খাজাঞ্চীর জামিনী ও মাহিয়ানার বিষয়ে যে কএক মতান্তর করণের এবং ইষ্টাম্পের দারোগা ও সুদের মুহুরীরের মাহিয়ানা রহিত করণের এবং জজ ও মাজিষ্ট্রেট সাহেবের স্বতন্ত্র খাজানাখানা উঠাইয়া দেওনের বিষয়ি বর্ত্তমান মাসের ১৯ তারিখের ৮ নম্বরী যে সরকুলর অর্ডর এক্ষণে পাঠান যায় তাহা ও তাহার সঙ্গে প্রেরিত লিপি সদর আদালতে দরপেশ কর। তাহার অভিপ্রায় এই যে যে২ উপদেশের দ্বারা প্রস্তাবিত মতান্তরের সুগম হইতে পারে তাঁহারা আপনারদের অধীন তৎকর্ম্মসংক্রান্ত নানা কর্ম্মকারককে সেই২ উপদেশ দেন্।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৭। ১৯ মে।

৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

এই সিরিশ্তার ১৮৪৫ সালের ২৫ ফেব্রুআরি তারিখের এবং গত ১১ মার্চ তারিখের ৪ নম্বরী সরক্যুলর অর্ডরের উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে বর্ত্তমান মাসের ৫ তারিখের ৩৪৮ নম্বরী গব-

you, herewith, a copy of a letter from the Under Secretary to Government, No. 348, dated the 5th instant, and of its enclosure, conveying the orders of the Supreme Government for carrying into immediate effect the alterations in the securities and salaries of the Collectorate Treasurers, absorption of the salaries of Stamp Darogahs and Interest Mohirirs, and abolition of the separate Magistrate's and Judge's Treasuries as recommended in the Board's Letter to Government, dated the 6th January last, (No. 12,) an Extract (Paragraphs 5 to 9,) from which is herewith also forwarded for your guidance.

2d. The Board believe that the whole change directed to be made may be easily effected within two months, and they request that you will instruct the Collectors subordinate to you accordingly.

3d. The Court of Sudder Dewanny and Nizamut Adawlut will be requested to issue suitable instructions for the co-operation of the several functionaries concerned under their control; and the Accountant to Government will also be addressed on the subject with a view to his doing whatever may be needful on his part to facilitate the change.

4th. The Board will expect to receive your report announcing the completion of the new arrangements in two months from this date, together with a roll of the individuals now holding the situation of Treasurer and Stamp Darogah, who may be put out of employ, showing the amount of gratuity recommended in each case.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 19th May, 1847.

No. 348.

To the Secretary to the Sudder Board of Revenue.

I am directed to acknowledge the receipt of your letter, No. 12, dated the 6th January last with its enclosures, relative to the alterations in the securities and salaries of the Collectorate Treasurers, absorption of the salaries of Stamp Darogahs and Interest Mohirirs, and abolition of the separate Magistrate's and Judge's Treasuries in the Lower Provinces, and in reply to forward the accompanying copy of a letter from the Secretary to the Government of India, Financial Department, of the 19th March last, sanctioning the arrangements proposed, which the Board are requested at once to carry into effect in communication with the Sudder Court and the Accountant.

2d. The Board are also requested to furnish a roll of the individuals now holding the situation of Treasurer in the Judicial Courts or of Stamp Darogah, who will be put out of employ, in consequence of these arrangements, and to recommend the amount of gratuity to be granted to each, not exceeding in any case six months' pay.

3d. The Deputy Governor desires to hear, after

র্ণমেন্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্রের এবং তাহার সঙ্গে যে২ লিপি প্রেরিত হইয়াছিল তাহার নকল তোমার নিকটে পাঠাইতেছি। তাহার মধ্যে কালেক্টরীর খাজাঞ্চীরদের জামিনীর ও মাহিয়ানার মতান্তর বিষয়ি এবং ইষ্টাম্পের দারোগা ও সুদের মুহুরীরের মাহিয়ানা রহিত করণের বিষয়ি এবং জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের স্বতন্ত্র খাজানাখানা উঠাইয়া দেওনের বিষয়ি গবর্ণমেন্টের নিকটে প্রেরিত গত ৬ জানুআরি তারিখের ১২ নম্বরী সদর বোর্ড রেবিনিউর পত্রে যে পরামর্শ দেওয়া গিয়াছিল তাহা অগোণে জারী করণার্থ সুপ্রিম গবর্ণমেন্টের হুকুম লেখা আছে। ঐ ১২ নম্বরী পত্রের ৫ দফাঅবধি ৯ দফাপর্য্যন্তের চুম্বক এই পত্রের সঙ্গে তোমার উপদেশের জন্যে তোমার নিকটে পাঠান যাইতেছে।

২। সদর বোর্ডের সাহেবেরা বোধ করেন যে ঐ২ মতান্তর করিবার হুকুম সমুদয় দুই মাসের মধ্যে অনায়াসে সম্পন্ন হইতে পারিবেক এবং তাঁহারা আদেশ করিতেছেন যে তোমার অধীন কালেক্টর সাহেবেরদিগকে তদনুসারে হুকুম দেও।

৩। সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবদিগকেও এইরূপ আদেশ দেওয়া যাইবেক যে তৎকর্ম্মসংক্রান্ত তাঁহারদের অধীন নানা কর্ম্মকারককে সেই বিষয়ের সহকারিতা করণের যথোচিত হুকুম দেন্। এবং গবর্ণমেন্টের অকেকৌন্টেন্ট সাহেবের এই মতান্তরের সুগমকরণার্থ যাহা কর্ত্তব্য হয় তাহা করিতে তাঁহার প্রতিও পত্র লেখা যাইবেক।

৪। সদর বোর্ডের সাহেবেরদের অপেক্ষা আছে যে এই তারিখঅবধি দুই মাসের মধ্যে ঐ নূতন নিয়ম সম্পন্ন হওনের রিপোর্ট তোমার স্থানে পাওয়া যাইবেক যেং ব্যক্তি এক্ষণে খাজাঞ্চী ও ইষ্টাম্পের দারোগার পদে নিযুক্ত আছেন কিন্তু ইহার দ্বারা কর্ম্মচ্যুত হইবেন তাঁহারদের নামের এক ফিরিস্তি এবং প্রত্যেক জনকে যে পারিতোষিক দেওয়া পরামৃশ্য হয় তাহার নিদর্শন ঐ রিপোর্টের সঙ্গে পাঠাইতে হইবেক।

জি প্লৌডন।
এক্টিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১৯ মে।

---

৩৪৮ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেব বরাবরেষু।

কালেক্টরীর খাজাঞ্চীর জামিনী ও মাহিয়ানার মতান্তরের বিষয়ি ও ইষ্টাম্পের দারোগা ও সুদের মুহুরীরের মাহিয়ানা রহিত করণের বিষয়ি এবং বাঙ্গলাপ্রভৃতি দেশে জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের স্বতন্ত্র খাজানাখানা উঠাইয়া দেওনের বিষয়ি গত ৬ জানুআরি তারিখের ১২ নম্বরী তোমার পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত লিপি গবর্ণমেন্টের নিকটে পঁহুছিয়াছে এবং তাহার উত্তরস্বরূপ পশ্চাৎ লিখিত ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে গত মার্চ মাসের ১৯ তারিখের ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের পত্র তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে ঐ প্রস্তাবিত নিয়মসকল মঞ্জুর হওনের হুকুম আছে অতএব বোর্ডের সাহেবেরদের প্রতি এক্ষণে আদেশ হইতেছে যে তাঁহারা সদর আদালত এবং আকেকৌন্টেন্ট সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া ঐ হুকুম জারী করেন।

২। বোর্ডের সাহেবেরদের প্রতি আরো আদেশ হইতেছে যে নানা আদালতে যেং ব্যক্তি এক্ষণে খাজাঞ্চীর কর্ম্মে অথবা ইষ্টাম্পের দারোগার কর্ম্মে নিযুক্ত আছেন এবং এই নিয়মপ্রযুক্ত কর্ম্মচ্যুত হইবেন তাঁহারদের নামের এক ফিরিস্তি প্রস্তুত করেন্ এবং যত পারিতোষিক প্রত্যেক জনকে দিতে হয় তাহার বিষয়ে আপনারদের পরামর্শ লেখেন্ কিন্তু কোন গতিকে তাহা ছয় মাসের মাহিয়ানার অধিক হইবেক না।

৩। শ্রীযুত ডেপুটী গবর্নর্ সাহেবের ইচ্ছা আছে

three months, of the progress made in completing the arrangements now sanctioned.

(Signed) CECIL BEADON,
Under Secy. to the Govt. of Bengal.

Fort William, the 5th May, 1847.

No. 782.

To F. J. Halliday, Esq., Secretary to the Government of Bengal.

I am directed to acknowledge the receipt of Mr. Under Secretary Beadon's letter in the Revenue Department, No. 149, dated the 17th ultimo, to the address of Mr. Secretary Bushby with its enclosures, and in reply to inform you that the Honourable the President in Council concurs generally in the views of the Honourable the Deputy Governor of Bengal as to the expediency of increasing the salaries of the Collectors' Treasurers, in the Lower Provinces, and diminishing the amount of security required of them, and he accordingly sanctions the adoption of the scale of salaries for those officers suggested by the late Accountant General, Mr. Morley, and recommended by the Sudder Board of Revenue to the extent noted in the margin,* a portion of the increased expense being met by the absorption of the salaries of the Stamp Darogahs and Interest Mohirirs, whose services are to be discontinued, and by the abolition of the separate Judge's and Magistrate's Treasuries.

2d. With reference to the suggestion of the Sudder Board of Revenue, adverted to in paragraph 3 of Mr. Under Secretary Beadon's letter, that the abolition of the Judge's and Magistrate's Treasuries should be carried into effect gradually as vacancies occur in such offices, the President in Council would leave it to the Honourable the Deputy Governor to determine whether it would be preferable to bring the revised system into operation at once, or not, and in the event of the former alternative being adopted, he will be prepared to sanction compensation to the Stamp Darogahs and Judge's and Magistrate's Treasurers displaced by that measure, by a gratuity to each individual of six months' pay, in cases wherein that indulgence may be considered fair and reasonable.

* Aggregate present monthly pay of the Revenue Treasurers in the Lower Provinces, ... 2,254 3 1¾
Proposed ditto ditto, ... 4,745 0 0

Increase per mensem, ... 2,490 12 10
Or per annum, ... 29,809 10 3
Deduct—
By abolition of Stamp Darogahs and Interest Mohirirs, ... 8,602 13 0
By Do. of Judge's and Magistrate's Treasurers, ... 14,229 3 0
——— 22,902 0 0
Proposed Net increase of annual expense, ... 6,907 10 3

যে এক্ষণে যে নিয়মের হুকুম হইল তাহা কিপর্য্যন্ত সম্পন্ন হইয়াছে ইহার সম্বাদ তিন মাসের পরে তাঁহার নিকটে পাঠান যায়।

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪৭। ৫ মে।

৭৮২ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেব বরাবরেষু।

গত মাসের ১৭ তারিখের ১৪৯ নম্বরী যে পত্র রেবিনিউ ডিপার্টমেণ্টে ছোট সেক্রেটারী শ্রীযুত বীডন সাহেব ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত বুশবি সাহেবের নিকটে লেখেন তাহা এবং তাহার সঙ্গে প্রেরিত লিপি আমার নিকটে পঁহুছিয়াছে। এবং তাহার উত্তরস্বরূপ তোমাকে জানাইতেছি যে বাঙ্গলাপ্রভৃতি দেশের কালেক্টরীর খাজাঞ্চীরদের মাহিয়ানা বৃদ্ধি করণের এবং তাঁহারদের যে জামিনী দিতে হয় তাহার সংখ্যার ন্যূন করণের উপযুক্ততার বিষয়ে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের যে মত আছে তাহাতে হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব সম্মত আছেন। এবং ঐ আমলার মাহিয়ানার যে হার পূর্ব্বের আকেৌণ্টেণ্ট জেনরল শ্রীযুত মর্‌লি সাহেব প্রসঙ্গ করিয়াছিলেন এবং সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা পোষকতা করিয়াছিলেন তাহা পশ্চাৎলিখিত* সংখ্যাপর্য্যন্ত শ্রীযুত মঞ্জুর করিয়াছেন। ইহাতে খরচের যে বৃদ্ধি হইবেক তাহার একাংশ যে ইষ্টাম্পের দারোগা ও সুদের মুহুরীরেরদের পদ রহিত হইবেক তাঁহারদের মাহিয়ানা বন্দহওয়াতে এবং জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের খাজানাখানা উঠাইয়া দেওয়াতে পুষিয়া আসিবেক।

২। ছোট সেক্রেটারী শ্রীযুত বীডন সাহেবের পত্রের ৩ দফাতে সদর বোর্ড রেবিনিউর এই পরমার্শের উল্লেখ আছে যে জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের খাজাঞ্চীর পদ যেমন শূন্য হইবেক তেমনি ক্রমে২ তাহা উঠাইয়া দেওয়া যায় কিন্তু এই নূতন নিয়ম ক্রমে২ জারী করা উচিত কি না এই বিষয়ের বিবেচনার ভার হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের প্রতি অর্পণ করেন। যদ্যপি তাহা একেবারে রহিত করা পরামর্শসিদ্ধ হয় তবে সেই নিয়ম জারীকরণেতে যে ইষ্টাম্পের দারোগা ও জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের খাজাঞ্চীরা পদচ্যুত হন তাঁহারদিগকে যে২ গতিকে অনুগ্রহ করা উচিত ও ওয়াজিবী বোধ হয় সেই২ গতিকে তাঁহারদের ক্ষতিপূরণস্বরূপ ছয় মাসের মাহিয়ানা প্রত্যেক জনকে দিবার হুকুম করিতে হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব প্রস্তুত আছেন।

* বাঙ্গলাপ্রভৃতি দেশে মাসে২ রাজস্বের খাজাঞ্চীরদের এক্ষণকার মাহিয়ানার মোট ... ... ২,২৫৪।৵১৮
প্রস্তাবিত মাহিয়ানার মোট ... ৪,৭৪৫৲

মাহিয়ানার মাসে২ মোট বৃদ্ধি ... ২,৪৯০৸১০
কিম্বা বার্ষিক ঐ ... ... ২৯,৮০৯॥৵৩
বাদ
ইষ্টাম্পের দারোগা ও সুদের মুহুরীরের পদ রহিতহওয়াতে ৮,৬০২৸৵
জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের খাজানাখানার ঐ ১৪,২২৯৵
——— ২২,৯০২৲
বার্ষিক খরচার প্রস্তাবিত বৃদ্ধির মোট ... ৬,৯০৭॥৵৩

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১৫ জুন।]